**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 29-11-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) কৃষিমন্ত্রী রতনলাল নাথ বলেছেন, কৃষক সন্মান নিধি প্রকল্পে রাজ্যের আড়াই লক্ষাধিক কৃষক ২১টি কিস্তিতে ৯০০ কোটি টাকা পেয়েছেন।**

**(২) সমবায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া জানিয়েছেন, প্রধানমন্ত্রী আবাস যোজনায় দক্ষিণ জেলার ৫২ হাজার ৪৩২টি ঘর নির্মানের জন্য আর্থিক মঞ্জুরি দেওয়া হয়েছে।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল আকাশবাণীতে 'মন-কি-বাত' অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন।**

**(৪) সদরের অনূর্ধ্ব ১৫ বছরের ক্রিকেট প্রতিযোগিতায় চাম্পামুড়া কোচিং সেন্টার চ্যাম্পিয়ন হয়েছে।**

****************************************

**Agriculture Minister :**

কৃষিমন্ত্রী রতনলাল নাথ বলেছেন, কৃষক সন্মান নিধি প্রকল্পে রাজ্যের আড়াই লক্ষাধিক কৃষক ২১টি কিস্তিতে ৯০০ কোটি টাকা পেয়েছেন। যা রাজ্যের ইতিহাসে নজিরবিহীন। আজ কাঞ্চনপুরের সুভাষনগর এডিসি ভিলেজের কর্ণজয়পাড়ায় কৃষকের শীতকালীন আলু চাষের জমি পরিদর্শনকালে তিনি একথা বলেন। তিনি বলেন, কৃষকদের জীবনযাত্রার মানোন্নয়নে রাজ্য ও কেন্দ্রীয় সরকার বহুমুখী পরিকল্পনা বাস্তবায়ন করছে। কাঞ্চনপুর কৃষি আধিকারিক কবীর দেববর্মা জানান এবছর কাঞ্চনপুরের সুভাষনগর এডিসি ভিলেজে মোট ৪৪ জন কৃষক ৩ হেক্টর জমিতে

শীতকালীন আলু চাষের উদ্যোগ নিয়েছে। কৃষিমন্ত্রী কর্ণজয়পাড়ায় ৩টি জলসেচের নতুন প্রকল্প তৈরির জন্য কাঞ্চনপুর কৃষি আধিকারিকদের নির্দেশ দিয়েছেন।

*****************************

**Review Meeting-South :**

সমবায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া জানিয়েছেন, প্রধানমন্ত্রী আবাস যোজনায় দক্ষিণ জেলার ৫২ হাজার ৪৩২টি ঘর নির্মানের জন্য আর্থিক মঞ্জুরি দেওয়া হয়েছে। এখন পর্যন্ত ৫১ হাজার ৯১৩টি ঘরের কাজ শেষ হয়েছে। আজ বিলোনিয়া সার্কিট হাউসে জেলাভিত্তিক উন্নয়নমূলক কাজকর্মের পর্যালোচনা সভা শেষে এক সাংবাদিক সম্মেলনে তিনি একথা জানান। তিনি জানান, রেগা প্রকল্পে দক্ষিন জেলায় ৯১ হাজার ৫১৫টি জবকার্ড রয়েছে। চলতি অর্থবছরে ২৫ লক্ষ ৫৬ হাজার ৬৪৬ শ্রম দিবসের কাজ করা হয়েছে। প্রত্যেকটি পরিবার যেন রেগার কাজ পায় তার জন্য ব্লক আধিকারিকদের নির্দেশ দেওয়া হয়েছে। পর্যালোচনা সভায় উপস্থিত ছিলেন বিধায়ক অশোক কুমার মিত্র ও মাইলাফ্রু মগ, দক্ষিণ জেলার জেলা শাসক মহম্মদ সাজ্জাদ পি, জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত, ৮টি ব্লকের বিডিওগন।

*************************

**Minister Tinku Roy :**

সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী টিংকু রায় আজ কৈলাশহরের ঊনকোটি ADC ভিলেজের ছৈলাপিতে বাণিজ্যিকভাবে রাজ্যের প্রথম কফি প্রক্রিয়াকরণ ইউনিট এর উদ্বোধন করেন। "স্মল ইন্ডাষ্ট্রিজ ডেভেলাপমেন্ট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া" বা S.I.D.B.I এর আর্থিক সহায়তা ও কফি বোর্ডের কারিগরি সহায়তায় এবং সামাজিক সংস্থা "গ্রোয়িং সিড" এর পরিচালনায় এটি গড়ে উঠেছে। উদ্বোধকের ভাষনে মন্ত্রী শ্রী রায় বলেন, ত্রিপুরাতেও কফি চাষের পরিবেশ রয়েছে। আত্মনির্ভর হবার জন্য বাণিজ্যিকভাবে কফি চাষ করার উপর তিনি গুরুত্বারোপ করেন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন স্মল ইন্ডাষ্ট্রিজ ডেভেলাপমেন্ট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার আগরতলা শাখার প্রবন্ধক রাজশেখর

হাঁসদা, কফি বোর্ডের সিনিয়র লিয়াসন অফিসার সন্দীপ দাস, গৌরনগর ব্লকের BDO নবারুণ চক্রবর্তী, গ্র-উইং সীড এর সম্পাদক পুনম ভট্টাচার্য প্রমুখ। এই অনুষ্ঠানে ঊনকোটি হেরিটেজ কফি ব্র্যান্ডের উদ্বোধন করা হয়।

*************************

**Purbasha Haat :**

হস্ততাঁত ও হস্তকারু শিল্পমন্ত্রী বিকাশ দেব্বর্মা আজ নতুনদিল্লির কনটপ্লেসে পূর্বাশা হাট পরিদর্শন করেন। পরিদর্শনকালে তিনি পূর্বাশা হাটে ত্রিপুরা হস্ততাঁত ও হস্তকারু শিল্প সামগ্রীর প্রদর্শন ও চাহিদা সম্পর্কে খোঁজ খবর নেন। তিনি জানান, আগামীদিনে এই শিল্পকে আরও প্রসারিত করার লক্ষ্যে বাজারসংযোগ বৃদ্ধি, আধুনিক ডিজাইন ও প্যাকেজিং উন্নয়ন, অনলাইন ও আন্তর্জাতিক বিপণন ব্যবস্থার প্রসার এই বিষয়গুলোকে সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়া হবে।

**************************

**Review Meeting :**

পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরীর পৌরোহিত্যে আজ জম্পুই হিলসের ইডেন ট্যুরিষ্ট লজে এক পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে দেশ-বিদেশ থেকে আগত পর্যটকদের কাছে রাজ্যের অন্যতম পর্যটন কেন্দ্র 'জম্পুই হিলস'কে আরোও বেশি আকর্ষনীয় করে তোলার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। তিনি বলেন, প্রকৃতির কোলে গড়ে উঠা 'জম্পুই হিলস' বিশ্ব মানচিত্রে এক অনন্য পর্যটন কেন্দ্র। তিনি বলেন, রাজ্য সরকার পর্যটনের উন্নয়ন ও প্রসারের জন্য নানা উদ্যোগ গ্রহণ করেছে। বৈঠকে উপস্থিত ছিলেন পর্যটন দপ্তরের অধিকর্তা প্রশান্ত বাদল নেগী।

*************************

**NF Rly :**

এন এফ রেলওয়ের পক্ষ জানানো হয়েছে, আগামী পয়লা ডিসেম্বর থেকে পরীক্ষামূলকভাবে ১৫৬৬৩ নং আগরতলা-শিলচর এবং ১৫৬৬৪ নং

শিলচর-আগরতলা যাত্রী ট্রেন ঊনকোটি জেলার পেচারথল ষ্টেশনে ২ মিনিটের জন্য থামবে। শিলচর-আগরতলা ট্রেনটি বেলা ১টা ১৩ মিনিটে পেচারথল ষ্টেশনে পৌছুবে এবং আগরতলা-শিলচর ট্রেনটি বেলা ২টা ১ মিনিটে পেচারথল ষ্টেশনে পৌছুবে।

******************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

**************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল আকাশবাণীতে 'মন-কি-বাত' অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মন-কি-বাতের ১২৮তম পর্ব। বেলা ১১টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর, ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও 'মন-কি-বাত' সম্প্রচারিত হবে। অনুষ্ঠানের অব্যবহিত পরেই এর আঞ্চলিক ভাষায় অনুবাদ শোনা যাবে। রাত আটটায় আঞ্চলিক ভাষার অনুষ্ঠানটি পুনঃপ্রচার করা হবে।

***************************

**All Party' Meeting :**

সংসদের শীতকালীন অধিবেশন আগামী সোমবার শুরু হবে। তার আগে সরকার আগামীকাল একটি সর্বদলীয় বৈঠক ডেকেছে। বৈঠকে সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু সংসদের উভয় কক্ষের রাজনৈতিক দলের নেতাদের সঙ্গে আলোচনা করবেন। অধিবেশন চলাকালীন লোকসভা এবং রাজ্যসভার সুষ্ঠু কার্যকারিতা নিশ্চিত করতে সরকার সকল রাজনৈতিক দলের সহযোগিতা চাইবে। সামাজিক মাধ্যমে সংসদ বিষয়ক মন্ত্রী শ্রী রিজিজু বিরোধী দলগুলিকে উভয়কক্ষের কার্যক্রমে পূর্ণ অংশগ্রহণ এবং একটি প্রাণবন্ত সংসদীয় ব্যবস্থা তৈরিতে সহায়তা করার আবেদন করেছেন। এবারের শীতকালীন অধিবেশন আগামী ১৯শে ডিসেম্বর পর্যন্ত চলবে।

***************************

**PM-DG,IG :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ছত্তিশগড়ে পুলিশের মহানির্দেশক এবং মহাপরিদর্শকদের ৬০তম সর্বভারতীয় সম্মেলনে অংশ নিয়েছেন। আগামীকালও তিনি বিভিন্ন অধিবেশনে উপস্থিত থাকবেন। সম্মেলনে প্রধানমন্ত্রী বিশেষ পারদর্শীতার জন্য রাষ্ট্রপতি পুলিশ পদক প্রদান করবেন। বাম চরম পন্থা সহ জাতীয় নিরাপত্তা সংক্রান্ত বিভিন্ন বিষয়, বিপর্যয় মোকাবেলা, নারী নিরাপত্তা, পুলিশের বিভিন্ন কাজে কৃত্রিম বুদ্ধিমত্তার ব্যবহার সহ নানা বিষয়ে সম্মেলনে আলোচনা চলছে। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ গতকাল নওয়া রায়পুরের ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্টে তিন দিনের এই সম্মেলনের উদ্বোধন করেন। তিনি বলেন এই সম্মেলনে অনুষ্ঠিত আলোচনাগুলি বিকশিত ভারত অভিযানের লক্ষ্যে পুলিশের কাজের জন্য একটি রোডম্যাপ তৈরিতে সহায়তা করবে।

***************************

**Civic Action BSF :**

সীমান্ত রক্ষী বাহিনীর ৪৩ নম্বর বাহিনীর উদ্যোগে আজ দক্ষিন জেলার রাজনগর ব্লকের চিল্লাপাথর হাইস্কুলে এবং ভারতচন্দ্র নগর ব্লকের ঈশানচন্দ্র নগর দ্বাদশ স্কুলে দুইটি নাগরিক সংযোগ কর্মসূচি অনুষ্ঠিত হয়। এই কর্মসূচিতে স্থানীয় ৩৩ জন গৃহবধূকে মোটরচালিত সেলাই মেশিন প্রদান করা হয়। নিরাপত্তা বাহিনীর চাকুরীর নিয়োগ র‍্যালিতে অংশ নেওয়ার জন্য প্রশিক্ষনরত ২২ জন যুবককে রানিং জুতা, ট্র্যাকস্যুট, স্কুল ব্যাগ, চেয়ার এবং বই প্রদান করা হয়। ঈশানচন্দ্র নগর দ্বাদশ স্কুল কর্তৃপক্ষের হাতে ৬টি কম্পিউটার ও কিছু শিক্ষা সামগ্রী তুলে দেন সীমান্ত রক্ষী বাহিনীর ত্রিপুরা ফ্রন্টিয়ারের আইজি আলোক কুমার চক্রবর্তী, বি.এস.এফের ৪৩ বাহিনীর কমাডান্ট এম.রবীন্দ্র প্রমুখ। দুইটি কর্মসূচিতে ৮ লক্ষ ৪০ হাজার টাকার সামগ্রী প্রদান করা হয় বলে জানান বিএসএফ ৪৩ বাহিনীর আধিকারিকরা। দুইটি কর্মসূচিতে অংশ নিয়ে সীমান্ত রক্ষী বাহিনীর ত্রিপুরা ফ্রন্টিয়ারের আইজি আলোক কুমার চক্রবর্তী বলেন বি.এস.এফ এখন শুধু সীমান্ত প্রহরাই নয়। সীমান্তবাসীদের স্বাবলম্বী করে জীবনযাত্রার মানোন্নয়ন, সামরিক বাহিনী সহ বিভিন্ন সরকারী চাকুরীর পরীক্ষার জন্য সীমান্ত এলাকার যুবক-যুবতীদের প্রশিক্ষিত করার কাজেও সীমান্ত রক্ষী বাহিনী এগিয়ে এসেছে। বি.এস.এফের আই.জি শ্রী চক্রবর্তী বল্লামুখা, উত্তর বিলোনিয়া এলাকায় সীমান্তে নির্মীয়মান বাঁধও পরিদর্শন করেন।

****************************

**D.G.C.A-AIRBUS :**

অসামরিক উড়ান চলাচল কর্তৃপক্ষ অর্থাৎ D.G.C.A এয়ারবাস A320 পরিচালিত উড়ানগুলি অবিলম্বে বন্ধ করার নির্দেশ দিয়েছে। একটি বিজ্ঞপ্তি জারি করে ডি.জি.সি.এ এয়ারবাস A318, A319, A320 এবং A321 পরিচালিত সমস্ত উড়ান নিয়মনীতি মেনে মেরামত না হওয়া পর্যন্ত চালাতে নিষেধ করেছে। প্রয়োজনীয় ও বাধ্যতামূলক সুরক্ষা ব্যবস্থা কার্যকরী করার লক্ষ্যেই এই নির্দেশ দেওয়া হয়েছে।

***************************

**Award-Teacher :**

বিধান শিশু উদ্যান মেধা অন্বেষার উদ্যোগে প্রতিটি জেলা থেকে একজন করে মোট আটজন শিক্ষক/শিক্ষিকাকে শিক্ষক সম্মাননা প্রদান করা হয়। আজ বাণী বিদ্যাপীঠ বালিকা বিদ্যালয়ে আয়োজিত অনুষ্ঠানে সম্মাননা প্রদান করেন পুর নিগমের মেয়র দীপক মজুমদার। উপস্থিত ছিলেন শিক্ষা দপ্তরের বিশেষ সচিব রাভেল হেমেন্দ্র কুমার, বিদ্যালয়ের শিক্ষা অধিকর্তা এন সি শর্মা, বিধান শিশু উদ্যান মেধা অন্বেষার রাজ্য কনভেনার মনোজ রায়।

*****************************

**Cyclone-Ditwah :**

ভারতীয় আবহাওয়া বিভাগ জানিয়েছে, তামিলনাড়ু ও শ্রীলঙ্কার উপকূলের কাছে দক্ষিণ-পশ্চিম বঙ্গোপসাগরে সৃষ্ট ঘূর্ণিঝড় দিতওয়াহ ইতিমধ্যে অতি প্রবল ঘূর্ণিঝড়ে পরিণত হয়ে উত্তর ও উত্তর-পশ্চিম দিকে অগ্রসর হচ্ছে। এটি আগামীকাল সকালের মধ্যে উত্তর তামিলনাড়ু, পুদুচেরি এবং দক্ষিণ অন্ধ্রপ্রদেশের উপকূলের কাছে পৌঁছুতে পারে। ঘূর্ণিঝড়ের কারণে চেন্নাই থেকে বিভিন্ন রুটে বেশ কিছু বিমান ও রেল বাতিল করা হয়েছে।

এদিকে, আগরতলায় আবহাওয়া দপ্তর সূত্রে জানা গেছে, এই ঘূর্ণিঝড়ে ত্রিপুরায় কোনো প্রভাব পড়বে না।

***************************

**Sadar Under 15 Cricket :**

সদরের অনূর্ধ্ব ১৫ বছরের ক্রিকেট প্রতিযোগিতায় চাম্পামুড়া কোচিং সেন্টার চ্যাম্পিয়ন হয়েছে। আজ নরসিংগড়ের টি আই টি মাঠে আসরের ফাইনাল খেলায় চাম্পামুড়া কোচিং সেন্টার ৯ উইকেটে দশমীঘাট কোচিং সেন্টারকে পরাজিত করে। উল্লেখ্য, এর আগে চাম্পামুড়া কোচিং সেন্টার এবছর সদরের অনূর্ধ্ব ১৩ বছরের ক্রিকেটেও চ্যাম্পিয়নের খেতাব পেয়েছিল।

**************************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত পরিষ্কার থাকবে। সকালে হালকা থেকে মাঝারি কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৯ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩০ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৫ ডিগ্রি সেলসিয়াস।

*****************************